

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ১২/০১/২০১৭


সরকার কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিতে বঙ্গপরিষদ

“সরকার কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিতে সদা সচেষ্ট এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছে। এই প্রচেষ্টা একটি চলমান প্রক্রিয়া এবং তা অব্যাহত থাকবে।” আজ (১২/০১/২০১৭) বৃহস্পতিবার, শহীদ এ.কে.এম শামসুল হক খান মেমোরিয়াল হল, বিয়াম ফাউন্ডেশন এ “ফিডব্যাক সেমিনার” এ প্রধান অতিথির বক্তৃতায় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক একথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধি ও গতিশীল প্রশাসন গড়তে সরকার উন্নত দেশ যেমন যুক্তরাষ্ট্র, ইতালী, অস্ট্রেলিয়া ইত্যাদি দেশে কর্মচারীদের নিগোশিয়েসন স্কিল, এস.ডি.জি, পাবলিক প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট, সুশাসন, তথ্য-প্রযুক্তি, অর্থ-ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করেছে। তিনি কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, “প্রশিক্ষণলব্ধ জ্ঞানকে প্রয়োগ করে, নতুন পদ্ধতিতে জনগণকে আধুনিক ও মানসম্পন্ন সেবা প্রদান নিশ্চিত করতে হবে যাতে সুলভে, ও কম সময়ে নাগরিক সেবা প্রদান সম্ভব হয়।”

‘Strengthening Government through Capacity Development of the BCS Cadre Officials’ – শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৫-২০১৬ অর্থবছরে সরকারের উপসচিব থেকে অতিরিক্ত সচিব পর্যন্ত পদের ২৩৪ জন কর্মকর্তা যুক্তরাষ্ট্রের Duke University, ইতালীর ITC-ILO, অস্ট্রেলিয়ার Macquarie University তে বিভিন্ন বিষয়ে শর্ট কোর্সে অংশগ্রহণ করেছেন। তাঁদের পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়ের উদ্দেশ্যে এই ফিডব্যাক সেমিনার আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মো: মোজাম্মেল হক খান, সভাপতিত্ব করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: ইব্রাহিম হোসেন খান।



মুহা. শিপলু জামান
সিনিয়র তথ্য কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
০১৫৫০-৫৫২২০২